২০০৪

বাংলা

প্রথম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা — পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা ভাষায় সাহিত্য সৃষ্টির পূর্বে বাঙালির সাহিত্যচর্চার পরিচয় দিন। ১৬

অথবা

মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিন। রামায়ণ মহাভারতের তুলনায় ভাগবত কেন কম জনপ্রিয়? আলোচনা করুন।

২। চৈতন্য জীবনী কাব্যের বৈশিষ্ট্য কী? মধ্যযুগের বাংলা সাহিত্যে এই শাখার যে বিস্তৃতি ঘটেছিল তার পরিচয় দিন। ১৬

অথবা

শাক্ত পদাবলী কাব্যধারাটির পরিচয় দিয়ে যে-কোনো একজন উল্লেখযোগ্য কবির কবিকৃতিত্ব আলোচনা করুন।

৩। যে কোনো **দু'টি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। ৫×২

কাহ্নপা, নারায়ণদেব, বলরাম দাস, বৃন্দাবনের ষড় গোস্বামী।

২০০৪

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে বাংলা গদ্যের যে বিকাশ ঘটেছিল তা কোনো একক প্রচেষ্টার ফল নয়, তা অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠানের সমবেত চেষ্টার পরিণাম। —তথ্যসহ ব্যাখ্যা করুন।

অথবা

যে আধুনিক মহাকাব্যধারা মধুসূদন থেকে শুরু হয়েছিল, অনতিকালের মধ্যেই সেই ধারা কেনই বা ক্ষীণ হয়ে এল,—বিশ্লেষণ করুন।

২। প্রাক্-গিরিশচন্দ্র বাংলা নাট্যধারার পরিচয় দিন। ১৬

অথবা

রবীন্দ্রযুগে সাহিত্য সৃষ্টি করলেও ঔপন্যাসিক হিসেবে শরৎ-চন্দ্রের প্রবল জনপ্রিয়তার কারণ কী? তাঁর উপন্যাসের স্বাতন্ত্র্য এবং বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিনঃ ৫×২=১০

(ক) বঙ্কিমচন্দ্রের 'ত্রয়ী' উপন্যাসের নামোল্লেখ করুন। 'ত্রয়ী' অভিধাটি প্রয়োগের সার্থকতা কী?

(খ) বাংলা গদ্য সাহিত্যে প্রমথ চৌধুরীর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(গ) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবি বলা হয় কেন?

(ঘ) দ্বিজেন্দ্রলালের যে-কোন দুইটি ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিন।

———

২০০৪

বাংলা

তৃতীয় পাঠক্রম

সময়—দু' ঘণ্টা | পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। ভাষার শ্রেণীবিন্যাস করবার প্রধান প্রধান ধারাগুলি কী কী? এর মধ্যে রূপতাত্ত্বিক পদ্ধতির বিস্তৃত আলোচনা করুন। ১৬

অথবা

ধ্বনি পরিবর্তনের কারণ কী? এর প্রধান প্রধান সূত্রগুলি উদাহরণ দিয়ে আলোচনা করুন।

২। মধ্যভারতীয় আর্যভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন। ১৬

অথবা

শব্দের অর্থ পরিবর্তনের কারণগুলি বলুন। এর প্রধান ধারাগুলির আলোচনা করে কীভাবে অর্থের পরিবর্তন ঘটে দেখিয়ে দিন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোনো **দুটি**)ঃ ৫×২

(ক) সাহিত্যিক প্রাকৃত ভাষা;

(খ) স্পৃষ্টব্যঞ্জন ধ্বনি;

(গ) ভাষা আলোচনায় ঐতিহাসিক পদ্ধতি;

(ঘ) ঝাড়খণ্ডী উপভাষা।

——

২০০৪

বাংলা

চতুর্থ পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চর্যাগীতি'র কাব্যগুণ নির্ণয় করুন। ১৬

অথবা

পাঠ্য পদগুলি অবলম্বন করে 'চর্যাগীতি'র ধর্মতত্ত্ব ও সাধন পদ্ধতির পরিচয় দিন।

২। গীতিধর্ম 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রাণ। —বিশ্লেষণ করে বুঝিয়ে দিন। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাহিনীর কাল পরম্পরার চিত্র পরিস্ফুট করুন।

৩। (ক) 'চর্যাগীতি'র নামকরণ বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। ৫

অথবা

ব্যাখ্যা করুনঃ

নিশিঅ অন্ধারী মুসার চারা।
অমিঅ ভখঅ মুসা করঅ আহারা ॥
মার রে জোইআ মুসা পবনা।
জেঁন তুটঅ অবনা গবনা ॥

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অপ্রধান চরিত্র।

অথবা

ব্যাখ্যা করুনঃ

দেখিল প্রথম নিশী সপন সুন তোঁ বসী
সব কথা কহিআরোঁ তোহ্মারে হে।
বসিআঁ কদমতলে সে কৃষ্ণ করিল কোলে
চুম্বিল বদন আহ্মারে হে ॥

২০০৪

বাংলা

পঞ্চম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদিলীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে কাম ও প্রেমের পার্থক্য আলোচনা করে গোপীপ্রেমের বৈশিষ্ট্য নির্দেশ করুন। ১৬

অথবা

চৈতন্য মহাপ্রভু ও রায় রামানন্দের 'সাধ্য-সাধন' সম্পর্কিত আলোচনায় রাধাপ্রেমকে কেন 'সাধ্যশিরোমণি' বলা হয়েছে? —'চৈতন্যচরিতামৃত' মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে ব্যাখ্যা করুন।

২। 'মাথুর' বলতে কী বোঝায়? বিদ্যাপতির এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করুন। ১৬

অথবা

'গৌরচন্দ্রিকা' পদ বলতে কী বোঝায়? গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে পার্থক্য নির্দেশ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দিন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিনঃ ৫+৫=১০

(ক) 'চৈতন্যচরিতামৃত' অবলম্বনে 'স্বকীয়া-পরকীয়া' তত্ত্ব সংক্ষেপে ব্যাখ্যা করুন।

অথবা

'অতএব স্বরূপশক্তি হয় তিনরূপ'—'চৈতন্যচরিতামৃত' অবলম্বনে কৃষ্ণের স্বরূপশক্তির তিনরূপের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) চণ্ডীদাসের পদের 'ভণিতা'-র বৈশিষ্ট্য আলোচনা করুন।

অথবা

'প্রেমবৈচিত্ত্য'-এর অর্থ উল্লেখ করে বৈষ্ণবপদাবলীতে এই পর্যায়টির গুরুত্ব আলোচনা করুন।

২০০৪

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চরিত্রচিত্রণে ক্ষেমানন্দের বিশিষ্টতা আলোচনা করুন। ১৬

অথবা

দৌলত কাজীর 'লোরচন্দ্রাণী' কাব্যে ধর্মীয় ভাব নেই, নরনারীর বিরহ মিলন অবলম্বনে রচিত কাব্যটি আদি-অন্ত রোমান্টিক। —মন্তব্যটির সার্থকতা প্রতিপন্ন করুন।

২। ভারতচন্দ্র ছিলেন রাজসভার কবি। —তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যের সম্পর্কে এই মন্তব্য কতটা প্রযোজ্য বিচার করুন। ১৬

অথবা

ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যে রয়েছে সমাজের ধর্মসাধনার নানা সংঘাত ও সমন্বয়ের কথা। —উক্তিটির গ্রহণযোগ্যতা বিচার করুন।

৩। যে কোন **দু'টি** প্রশ্নের উত্তর দিনঃ ৫×২

(ক) "ধূলায় লোটায় রামা কোন মতে নাহি ক্ষমা
ছারেখারে যাক ভূমণ্ডল।"

এই 'রামা' কে? তাঁর এই ক্রন্দন কেন?

(খ) **কোন্** কোন্ বৈশিষ্ট্য ও লক্ষণ দেখে আমরা জানতে পারি যে কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যটি কেবল চৈতন্য-পরবর্তী কালের রচনা নয়, মুকুন্দ-পরবর্তী কালেরও রচনা?

(গ) 'লোরচন্দ্রাণী' কাব্যে 'চন্দ্রাণী' চরিত্র সৃষ্টিতে কবির কৃতিত্ব আলোচনা করুন।

(ঘ) অন্নদামঙ্গল কাব্যে পৃষ্ঠপোষকের প্রভাব কতখানি পড়েছিল?

———

২০০৪

বাংলা

সপ্তম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। মেঘনাদের মৃত্যুর পরও 'মেঘনাদবধ কাব্যে'র তিনটি সর্গ রচিত হয়েছে, অথচ কাব্যের নাম 'মেঘনাদবধ কাব্য'—কাব্যে পরবর্তী এই তিনটি সর্গের গুরুত্ব কোথায়? ১৬

অথবা

মোহিত

~~[illegible]~~লালের কবিতার রোমান্টিক বৈশিষ্ট্যগুলি পরিস্ফুট করুন।

২। 'অতএব কারো পথ চেয়ে লাভ নেই
অমোঘ নিধন শ্রেয় তো স্বধর্মেই
বিরূপ বিশ্বে মানুষ নিয়ত একাকী।'

—'বিরূপ বিশ্বে' 'একাকী মানুষে'র কথা সুধীন্দ্রনাথের কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে পাঠ্য কবিতাগুলি অবলম্বনে দেখিয়ে দিন। ১৬

অথবা

'ক্যাম্পে' কবিতাটির উপর ওঠা অভিযোগ এবং জীবনানন্দের প্রতিক্রিয়ার কথা মনে রেখে কবিতাটির মূল সুরটি পরিস্ফুট করুন।

৩। নিম্নলিখিত প্রসঙ্গগুলির আলোচনা করুনঃ ৫×২=১০

(ক) মেঘনাদবধ কাব্যে মন্দোদরী চরিত্র।

(খ) জীবনানন্দের 'বনলতা সেন' কবিতার ভাববস্তু।

(গ) অমিয় চক্রবর্তীর 'সংগীত' কবিতায় আস্তিক্যবোধ।

(ঘ) 'ঘোড় সওয়ার' কবিতার ঘোড় সওয়ার কে? এভাবে তাকে ডাকবার কারণ কি?

———

২০০৪

বাংলা

অষ্টম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'সাজাহান' নাটকের পরিসমাপ্তি হিসেবে শেষ দৃশ্যের সার্থকতা বিচার করুন। ১৬

অথবা

"নবান্ন" নাটকের বিষয়বস্তু বিশ্লেষণ করে নাটকটির অভিনবত্ব দেখান।

২। "তপস্বী ও তরঙ্গিণী" নাটকের কাহিনীগ্রন্থনে নাট্যকার মহাভারতকে অনুসরণ করেন কিন্তু চরিত্রের মনস্তত্ত্ব গ্রহণ করেন রবীন্দ্রনাথের "পতিতা" থেকে—আলোচনা করুন। ১৬

অথবা

"চাঁদ বণিকের পালা"র প্রেক্ষাপট মধ্যযুগীয়, কিন্তু নাটকটি আধুনিক। —এই মন্তব্যের যথার্থতা বিচার করুন।

৩। যে কোনো **দু'টি** প্রসঙ্গের আলোচনা করুনঃ ৫+৫=১০

(ক) "নবান্ন" নাটকে কুঞ্জ চরিত্র;

(খ) "সাজাহান" নাটকে ঔরঙ্গজেব চরিত্র;

(গ) ঋষ্যশৃঙ্গের জীবনে রাজকুমারী শান্তা ও তরঙ্গিণী—এই দুই নারীর প্রভাব;

(ঘ) "চাঁদ বণিকের পালা" নামকরণে 'পালা' শব্দটির ব্যবহার।

———

২০০৪

বাংলা

নবম পাঠক্রম

সময়—দু' ঘণ্টা

পূর্ণমান—৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ ৪২

(ক) বাঙালী জীবনে রামায়ণ;

(খ) মঙ্গলকাব্যের সমাজচিত্র;

(গ) তুর্কী আক্রমণ ও বাংলা সাহিত্যে তার প্রভাব;

(ঘ) উনিশ শতকের বাংলা আখ্যান কাব্য;

(ঙ) বাংলা ঐতিহাসিক উপন্যাস;

(চ) ঔপন্যাসিক তারাশঙ্কর।

২০০৩

বাংলা

প্রথম পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অন্তর্ভুক্তির কারণ নির্দেশ করে তাঁর সাহিত্যকৃতির পরিচয় দিন। ১৬

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে ত্রয়োদশ শতাব্দীর তুর্কী আক্রমণের প্রভাব কী হয়েছিল তার বিশদ পরিচয় দিন।

২। মনসামঙ্গল কাব্য-শাখার পরিচয় দিয়ে যে-কোন একজন উল্লেখযোগ্য কবির কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করুন। ১৬

অথবা

বাংলায় নাথপন্থীদের যে একটি সাহিত্য ধারা ছিল তার পরিচয় দিন। প্রসঙ্গত এই সাহিত্যের অন্তর্নিহিত মানব চেতনার ধারণাটি বুঝিয়ে বলুন।

৩। যে কোন **দুটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। ৫×২

কবীন্দ্রবচন সমুচ্চয়, বৃন্দাবন দাস, ব্রজবুলি, অদ্ভুত রামায়ণ।

২০০৩

বাংলা

দ্বিতীয় পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। বঙ্কিম সমসাময়িক এবং বঙ্কিম পরবর্তী যুগে বাংলা উপন্যাস রচনায় বঙ্কিম-অনুসারী এবং বঙ্কিম-বিরোধী দুটি ধারাই লক্ষ করা যায়। প্রতি ধারার অন্তত একজন করে ঔপন্যাসিকের রচনা অবলম্বনে বিষয়টি সম্পর্কে আলোচনা করুন। ১৬

অথবা

'সবুজপত্র' পর্যন্ত বাংলা গদ্যের বিকাশের ধারায় সাময়িক পত্রের দান সম্পর্কে আলোচনা করুন।

২। বাংলা নাটকে মধুসূদন দত্ত এবং দীনবন্ধু মিত্রের দান সম্পর্কে আলোচনা করুন। ১৬

অথবা

রবীন্দ্রযুগের কবিতার সঙ্গে রবীন্দ্র পরবর্তী যুগের কবিতার ভাবগত এবং রূপগত পার্থক্য নির্দেশ করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২

ক. বাংলা গদ্যের বিকাশে অক্ষয়কুমার দত্তের রচনাগুলির গুরুত্ব কোথায়— আলোচনা করুন।

P.T.O.

খ. রৈবতক-কুরুক্ষেত্র-প্রভাস কার রচিত কোন গোত্রের কাব্য? এই কাব্যত্রয়ীর বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

গ. 'শোককাব্য' কাকে বলে? শোককাব্য হিসেবে 'এষা'-র গুরুত্ব বিশ্লেষণ করুন।

ঘ. রবীন্দ্রনাথের প্রথম পর্বের ছোটগল্পের কয়েকটি বৈশিষ্ট্য নির্দেশ করুন।

২০০৩

বাংলা

তৃতীয় পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। ভাষা কাকে বলে? ভাষার সঙ্গে উপভাষার সম্পর্ক কী? বরেন্দ্রী উপভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। ১৬

অথবা

বাংলা ভাষার উত্তম ও মধ্যম পুরুষ বাচক সর্বনাম পদগুলি কীভাবে উদ্ভূত হলো দেখিয়ে দিন।

২। নব্য ভারতীয় আর্যভাষার সাধারণ ধর্মগুলি বুঝিয়ে দিন। ১৬

অথবা

উচ্চারণ অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির বর্গীকরণ করুন।

৩। সংক্ষেপে আলোচনা করুন (যে কোনো **দুটি**) ঃ ৫×২

(ক) শব্দের অর্থ পরিবর্তনে সুভাষণের ভূমিকা কী?

(খ) বাংলা বহুবচনের পদগঠন কীভাবে হয়?

(গ) মিত্রভাষা কাকে বলে? মিত্রভাষা ও মাতৃভাষার পার্থক্য কী?

(ঘ) বাংলা শব্দ ভাণ্ডারের বিদেশী উপাদান।

২০০৩

বাংলা

চতুর্থ পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা

পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চর্যাপদে শ্রমজীবী মানুষের জীবনচিত্র দুর্লভ নয়'— আলোচনা করুন। ১৬

অথবা

চর্যাপদকে বাংলা ভাষার আদি নিদর্শন হিসাবে গ্রহণ করা যায় কিনা বিশ্লেষণ করে দেখান।

২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের জন্মখণ্ডে পুরাণ অনুসৃতির ছবি স্পষ্ট করুন। এই খণ্ডে পুরাণ প্রসঙ্গ ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১৬

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রাধা চরিত্রটি ক্রমবিকশিত এবং পূর্ণ। —মন্তব্যটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

৩। প্রশ্নগুলির উত্তর দিন ঃ ৫+৫=১০

(ক) চর্যাপদের তিব্বতী অনুবাদের আবিষ্কার ও তার গুরুত্ব বিচার করুন।

অথবা

লুইপাদের সময় নির্ণয় করুন।

P.T.O.

(খ) শ্রীকৃষ্ণ কীর্তন কাব্যের নামকরণের সার্থকতা বিচার করুন।

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বড়ু কবির হাস্যরস সৃষ্টির কৃতিত্ব সম্পর্কে আলোচনা করুন।

২০০৩

বাংলা

পঞ্চম পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'পূর্ব্বে যেন পৃথিবীর ভার হরিবারে। ১৬

কৃষ্ণ অবতীর্ণ হৈলা শাস্ত্রেতে প্রচারে।।'

—চৈতন্য অবতারতত্ত্বের ব্যাখ্যায় এই প্রসঙ্গ উল্লেখ করে চৈতন্য অবতারের কারণগুলি 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদিলীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে সবিস্তারে বিবৃত করুন।

অথবা

'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদে সাধ্যসাধন তত্ত্বের বিতর্ক উপস্থাপিত করতে রায় রামানন্দ বৈষ্ণবীয় পঞ্চরসের সাধনায় 'শান্ত' রসের প্রসঙ্গ উহ্য রেখেছেন কেন? 'প্রেমভক্তি'-র পর থেকে 'কান্তাপ্রেম'-এর পর্যায় পর্যন্ত 'বিষয়' কৃষ্ণদাস অনুসরণে ব্যাখ্যা করে দেখান।

২। অভিসার বলতে কি বোঝায়? সাধারণ অভিসার ও বৈষ্ণবীয় অভিসারের পার্থক্য উল্লেখ করে অভিসারের শ্রেষ্ঠ পদকর্তার শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করুন। ১৬

অথবা

'আক্ষেপানুরাগ' পর্যায়ে চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন ঃ ৫+৫=১০

(ক) 'স্বধর্ম্মাচরণ' কী? রায় রামানন্দ 'স্বধর্ম্মাচরণ' স্তর থেকে সাধ্যবস্তু চিন্তার সূত্রপাত করলেন কেন এবং কেনই বা স্বধর্ম্মত্যাগ'কে সাধ্যবস্তুর উন্নততর স্তর হিসেবে উল্লেখ করলেন?

অথবা

'রাধার স্বরূপ কৃষ্ণ প্রেমকল্প লতা।

সখীগণ হয় তার পল্লব পুষ্প পাতা।।'

—প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন।

(খ) বিদ্যাপতির 'প্রার্থনা' পদের বৈশিষ্ট্য আলোচনা করুন।

অথবা

'অনুরাগ'-এর পদে জ্ঞানদাসের কৃতিত্ব সংক্ষেপে বলুন।

২০০৩

বাংলা

ষষ্ঠ পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। করুণরসের চিত্রাঙ্কনে ক্ষেমানন্দের নৈপুণ্য চূড়ান্ত মাত্রায় আত্মপ্রকাশ করেছে। তাঁর মনসামঙ্গল অবলম্বনে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করুন।　১৬

অথবা

চরিত্রচিত্রণে দৌলতকাজীর কৃতিত্ব বিচার করুন।

২। ভারতচন্দ্র তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যটিকে বারবার 'নূতনমঙ্গল' ব'লে অভিহিত করেছেন। এই কাব্যে কবি পুরাতন মঙ্গলকাব্যের গতানুগতিক ধারাটি কীভাবে বজায় রেখেছেন এবং কীভাবেই বা সেই ধারাটিকে অতিক্রম ক'রে 'নূতনমঙ্গল'-রূপে গড়ে তুলেছেন তা আলোচনা করুন।　১৬

অথবা

ভারতচন্দ্র ছিলেন রূপ-সচেতন নির্মাতা। তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যের ক্ষেত্রে এই মন্তব্য কতটা যুক্তিসিদ্ধ?

৩। যে কোন **দু'টি** প্রশ্নের উত্তর দিন।　৫×২=১০

ক. "এমন ব্যথার ব্যথী নাহিক আমার।
আমার বাপের বাটী দেয় সমাচার।"
বক্তা এ হেন অসহায় কেন?

P.T.O.

খ. "বাদী না মারিহ দেবী রাখিহ পরাণে" কে কাকে একথা বলেছে? তাকে প্রাণে বাঁচিয়ে রাখার এই প্রচেষ্টা কেন?

গ. 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যে বর্ণিত রাজসভার পরিচয় দিন।

ঘ. ঈশ্বরী পাটনী এবং হরিহোড় দু'জনেই দরিদ্র; কিন্তু একজন প্রসন্ন ও নির্লোভ এবং অপরজন চতুর ও কৌশলী। —এই মন্তব্যের সমর্থনে যুক্তি দিন।

———

২০০৩

বাংলা

সপ্তম পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'মেঘনাদবধ কাব্যে' অষ্টম সর্গের উপযোগিতা কতোখানি আলোচনা করুন। ১৬

অথবা

মোহিতলাল মজুমদারকে দেহাত্মবাদী কবি বলা যায় কিনা আলোচনা করে দেখান।

২। জীবনানন্দ দাশের কবিতায় চিত্রকল্প ব্যবহারের স্বাতন্ত্র্য কোন কোন দিক থেকে লক্ষ্য করা যায়— বুঝিয়ে বলুন। ১৬

অথবা

সুধীন্দ্রনাথের কবিতার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করুন।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন। ৫+৫=১০

(ক) মেঘনাদবধ কাব্যে প্রমীলা চরিত্র।

অথবা

জীবনানন্দ দাশের 'সমারূঢ়' কবিতার তির্যকতা।

P.T.O.

(খ) মোহিতলাল মজুমদারের কবিতায় সৌন্দর্যচেতনা।

অথবা

বিষ্ণু দে'র 'তাই শিল্পে পাই' কবিতার বিষয়বস্তু।

২০০৩

বাংলা

অষ্টম পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা　　　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'নবান্ন' নাটকটির প্রারম্ভিক দৃশ্যের নাট্য-তাৎপর্য নির্দেশ করুন।　১৬

অথবা

'সাজাহান' নাটকে সাজাহান চরিত্রে যে অন্তর্দ্বন্দ্ব ও আত্মসমালোচনা লক্ষ করা যায় তা চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

২। বুদ্ধদেব বসুর 'তপস্বী ও 'তরঙ্গিনী' নাটকে যে পরিমাণ পৌরাণিক উপাদান লক্ষ করেন তাতে কি নাটকটিকে পৌরাণিক নাটক বলে আখ্যাত করা যায়? —আলোচনার সাহায্যে এ বিষয়ে আপনার অভিমত দিন।　১৬

অথবা

যে ভাবের ভিত্তিতে চাঁদ বণিকের পালা নাটকের প্রতিষ্ঠা, চাঁদের বিরোধিতার ফলে তা উজ্জ্বল হয়েছে। —মন্তব্যটি আলোচনা করুন।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন—　৫+৫=১০

(ক) 'নবান্ন' নাটকে লোকায়ত সংস্কৃতির প্রভাব;

(খ) 'সাজাহান' নাটকে গানের ভূমিকা;

(গ) 'তপস্বী ও তরঙ্গিনী'র শান্তা ও ঋষ্যশৃঙ্গের সম্পর্ক;

(ঘ) 'চাঁদ বণিকের পালা'য় ন্যাড়া চরিত্রের বিশিষ্টতা।

২০০৩

বাংলা

নবম পাঠক্রম

সময় ঃ দু'ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন। ৪২

(ক) মধ্যযুগের বাংলাসাহিত্যে বিভিন্ন ধর্ম সম্প্রদায়ের প্রভাব;

(খ) ষোড়শ শতকের বাংলা সাহিত্য;

(গ) কবি ঈশ্বর গুপ্ত;

(ঘ) বাংলা সাহিত্যে গীতিকবিতার ধারা;

(ঙ) উনিশ শতকের বাংলা প্রহসন;

(চ) কল্লোল যুগ ঃ আধুনিক বাংলা সাহিত্য উদ্‌গমে তার ভূমিকা।